

কবে ?

দিনমান ধরে পথ চেয়ে চেয়ে নয়ন হয়েছে ক্লান্ত ।
 আর কত কাল রহিব বসিয়া ওগো অনাগত পান্থ ।
 তরুণ অরুণ চাহিয়া চাহিয়া অস্তে গিয়াছে নামি ।
 পাখীর কূজন পাতার আঁড়ালে নীরবে যেতেছে থামি ।
 পথিকবালার পথ চলা যে যো কখন হয়েছে শেষ,
 আকাশে বাতাসে ঘুরিয়া ফিরিছে পূরবীর ম্লান রেশ ।
 সিনান-রথুরা জল ছেড়ে ফিরে চলে গেছে গেহ পানে,
 ভ্রমর ভ্রমরী রত নাই আর মধু উৎসরে গানে ।
 শ্রান্ত ক্লান্ত যেখানে যেজন সবাই নিয়েছে ছুটি,
 শুধুই কেবল আমার দৃষ্টি পথের ধূলায় লুটি ।
 হে সখা আমার, হে প্রিয় আমার, আরো-আরো কতদূর,
 আর কত দিনে হেরিব তোমার স্বর্ণ মুকুট চূড় ।
 কখন তোমার গোপন চরণ সহসা পশিয়া ঘরে,
 আকুল করিয়া তুলিবে আমারে মূহল মধুর স্বরে ।
 এত আশা করা পথ চাওয়া মোর কখন সফল হবে,
 আরো কত কাল রহিব বসিয়া আসিবে গো তুমি কবে ?

ত্রিধরনীকান্ত বন্দ্যোপাধ্যায় ।

বিজ্ঞান বিভাগ,

“গ” শাখা ।

স্ব/মে